গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পার্বতীপুর, দিনাজপুর।
www.parbatipur.dinajpur.gov.bd

স্মারক নং ০৫.৫৫.২৭৭৭.০১১.০০৫.০২০.২৫- ৩৮ তারিখ: ০২../০২./২০২৫ খ্রি.।

**"২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দের ইজারার অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি"**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পার্বতীপুর উপজেলাধীন ২০ একর পর্যন্ত বদ্ধ জলাশয়/ জলমহাল/ সরকারি পুকুর) ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নির্ধারিত শর্ত সাপেক্ষে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখা ১৭ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ ০২ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৬৯৪ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপনের নির্দেশনার আলোকে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার নিম্নবর্ণিত ৫৯ (উনষাট) টি বদ্ধ খাস জলমহাল/ পুকুর ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির এবং এতদুদ্দেশ্যে গঠিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক গঠিত নিবন্ধিত সমিতি/ সংগঠনকে যে কোন তফসিলি ব্যাংকের শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট /পে- অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদান করে www.land.gov.bd অথবা jm.lams.gov.bd ওয়েবসাইটে (Website) প্রবেশ করে অনলাইন (Online) আবেদন ফরম পূরণপূর্বক আবেদনের মূল কপিসহ সীল মোহরকৃত খামে ইজারা আবেদন দাখিল করতে হবে। অনলাইনে (Online) আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট /পে- অর্ডার (অফেরতযোগ্য) ও ইজারা মুল্যের ২০% ব্যাংক ড্রাফট /পে-অর্ডার জমানত বাবদ জমা প্রদানপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুরে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে সংশ্লিষ্ট সমিতি ও পুকুরের নাম উল্লেখ পূর্বক নিম্নলিখিত ক্যালেন্ডার/সময়সূচি মোতাবেক আবেদন (হার্ডকপি) দাখিল করতে হবে । নির্ধারিত সময়সূচির পর কোন আবেদন গ্রহণ করা হবে না। কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/আদালতে স্থগিতদেশ/ নিষেধাজ্ঞার আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

উল্লেখ্য যে, ইজারাযোগ্য পুকুরের তালিকা, বিস্তারিত তথ্য ও শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর ও উপজেলা ভূমি অফিস, পার্বতীপুর, দিনাজপুর এর নোটিশ বোর্ড এবং www.parbatipur.dinajpur.gov.bd ও acl.parbatipur.dinajpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

**ক্যালেন্ডার/ সময়সূচি**

| অনলাইনে (Online) দরপত্র আবেদনের তারিখ | অনলাইনে (Online) আবেদনের প্রিন্টে কপি ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবদ্ধ খামে দাখিলের স্থান ও তারিখ |
|---|---|
| ০১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (১৫ জানুয়ারি ২০২৫ খ্রি.) থেকে ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (২৮ জানুয়ারি ২০২৫ খ্রি.) এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর। ১৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (২৯ জানুয়ারি ২০২৫ খ্রি.) থেকে ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.) ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত |

০২/০২/২৫

(ফাতেমা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পার্বতীপুর, দিনাজপুর।

Scanned with CamScanner